

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭২(আগরতলা, ০৫।০৫)
মোহনপুর, ০৫ মে, ২০১৮

মোহনপুরে কৃষক কল্যাণ কর্মশালা

মোহনপুর কৃষি মহকুমা তদ্বাবধায়কের কার্যালয়ের উদ্যোগে গ্রামীণ স্বরাজ অভিযানের অঙ্গ হিসেবে গত ২ মে মোহনপুর পঞ্চায়েত সমিতির হলে মোহনপুর ব্লক ভিত্তিক কৃষক কল্যাণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার উদ্বোধন করেন বিধায়ক কৃষ্ণধন দাস। বিধায়ক শ্রীদাস কৃষকদের কৃষি কাজের প্রয়োজনীয় পরামর্শের জন্য দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখার উপর গুরুত্ব আরোপ করেন। কর্মশালায় প্রায় তিন শতাধিক কৃষক অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে ৩ জন কৃষককে পুরস্কৃত করা হয়। কর্মশালায় কৃষি বিশেষজ্ঞগণ কৃষকদের প্রশিক্ষণ দেন।
